

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ২। হ'য়ে রলি মায়ার সেবক, খুলে খেল মণি মজক।
দু'দিন পরে দেখবি নরক, দেশে যাওয়া হবে নারে।।
- ৩। এ দেশে রয় দিশে হরি, দিক্ ভুলায়ে করে চুরি।
নৌকায় দিল কুঠার মারি, আপন আপন বলিস যারে।।
- ৪। ধর অনুরাগের বৈঠে, বেয়ে চল প্রেমের হাটে।
নাও লাগা'স্নে ভবের ঘাটে, গুল্লুক জাহাজ যাচ্ছে বুড়ে।।
- ৫। গুরুচাঁদ তাই করছে মানা, ভবের ঘাটে কেউ যেও না।
অশ্বিনী তোর মন ভাল না, ডাকলে কেন শুন না রে।।

১২৩ নং তাল-কাশ্মিরী

মনে ভাবি কাঙ্গাল হব, বেহাল সাজিব।

ছেড়া কাছা করিয়া ধারণ, গাছ তলায় যাব।।

- ১। মহামায়া মাতা যিনি, কাতর বাক্যে বলেন তিনি।
কোথায় যাওরে যাদুমণি, কোন প্রাণে তোরে বিদায় দিব।।
- ২। প্রবৃত্তি মহিষী এসে, বাঁধতে চায় সে ভোগ বিলাসে।
ভুলাতে চায় মায়ারসে, কেমনে তারে প্রবোধ দিব।।
- ৩। লোভ মোহ পুত্র ছয়জন, বিনয় বাক্যে করে বারণ।
পুত্রের মায়া করে ছেদন, প্রাণান্তে না যেতে দিব।।
- ৪। আমোদ আহ্লাদ প্রতিবেশী, যাত্রা ভঙ্গ করে আসি।
কি দুঃখে হও বিদেশ বাসী, গৃহে তোমার কি অভাব।।
- ৫। পাগলচাঁদ কয় অনুরাগে, আর কতকাল মরবি ভুগে।
অশ্বিনী তুই এই সুযোগে, বাহির হ তোর সঙ্গে যাব।।

১২৪ নং তাল-কাশ্মিরী

আমি পিতৃমাতৃ হলেম ত্যাগী বিষয় বিরাগী।

ঘরে বসে কাঁদবে বিলাস ভার্যা অভাগী।।

- ১। ত্যাগ করিলাম পুত্র কন্যে, গৃহে থাকি যাহার জন্যে।
মন মতি হয়েছে হন্যে, কি যেন কি বস্তু লাগি।।